গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
**www.sarishabari.jamalpur.gov.bd**

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর আগষ্ট, ২০২১ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী

তারিখ ঃ ১২-০৮-২০২১খ্রিঃ

স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সাবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, চলতি মৌসুমে ১৪৩০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে । সাম্প্রতিক বন্যায় ২১৭০ হেক্টর রোপা আমন ধান, ৫০ হেক্টর রোপা আমন বীজতলা এবং ৪০ হেক্টর জমির শাকসব্জী বন্যায় নিমজ্জিত হয়েছে । বন্যার পানি সরে যাওয়ার সাথে সাথে ক্ষয়ক্ষতি নিরুপন করা হবে । ২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে কৃষি পুর্নবাসন কর্মসূচির আওতায় উচ্চ ফলনশীল পাট বীজ উৎপাদন প্রদর্শনী ৩০ টি বরাদ্দ পেয়েছি । প্রতিটি প্রদর্শনী বাস্তবায়নের জন্য ২০ শতাংশ জমি লাগবে। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের আওতায় পৌরসভায় সব্জী আবাদ এলাকায় ১০০ একর জমিতে আইপিএম মডেল ইউনিয়ন স্থাপন করা হবে এবং নিরাপদ সব্জী উৎপাদন করা হবে । সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে এবং ১৮.০৯.২০২১ খ্রিঃ এর মধ্যে কৃষি অফিসার বরাবর আবেদন করতে হবে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | কৃষি প্রনোদনা সুবিধা যেন প্রান্তিক পর্যায়ের কৃষকরা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পানা অফিসার সভায় জানান, কনসালটেন্ট এর ১০ টি পদ শূন্য রয়েছে । উর্ধতন কর্তপক্ষকে অবহিত করেন । দন্ত এক্স-রে মেশিন সরবরাহ করা হয়েছে । হাসপাতাল ও আবাসন মেরামত কাজ শুরু করার বিষয়ে অবহিত করেন । কোভিড ভ্যাকসিন টিকা বর্তমানে কম থাকায় টিকা দান কাজ ব্যাহত হচ্ছে । টাস্কফোর্স কমিটির সভায় ধূমপান হতে সকলকে বিরত থাকা ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর তা নিয়ে আলোচনা করা হয় ।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে সরিষাবাড়ী হাসপাতালে বর্তমানে দালালদের দৌরাত্ম্য বৃদ্ধি পেয়েছে, যার কারণে রোগিরা হয়রানির শিকার হয় । | ক. শুন্য পদ পুরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে সভায় হাসপাতালের দালারদের দৌরাত্ম্য কমানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | ক. উপজেলা প্রাণিসম্পদ দপ্তর,সরিষাবাড়ী সভায় জানানযে, বন্যা পরবর্তী বিভিন্ন রোগ বলাই প্রতিরোধ করার জন্য ভেটেরিনারি টিম গঠনের মাধ্যমে ভ্যাক্সসিন ও চিকিৎসা কার্যক্রম চালানো হচ্ছে এবং চলবে ।<br>খ. জনস্বাস্থ্য সুরক্ষা ভেটেনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় সংক্রামিত চারটি রোগ জলাতঙ্ক, যক্ষা, ব্রুসেলোসিস, এবং তড়কা রোগে কোন পশু মৃত্যু বরণ করলে অত্র প্রকল্পের আওতায় তাকে ক্ষতি পুরণ দেওয়া হবে । ব্যাপারে মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করছি । বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ক. রোগ বলাই প্রতিরোধ করার জন্য ভেটেরিনারি টিম গঠনের মাধ্যমে ভ্যাক্সসিন ও চিকিৎসা কার্যক্রম চালানো অব্যাহত রাখতে হবে ।<br>খ. জনস্বাস্থ্য সুরক্ষা ভেটেনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | ক. মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী সরিষাবাড়ী উপজেলার আওনা, পিংনা ইউনিয়নের যমুনা নদীর অংশে মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ এর অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ১৪ টি রিং জাল জব্দ ও বিনষ্ট করা হয়। যার আনুমানিক মূল্য ৪২,০০০/- টাকা। অভিযান শেষে মৎস্য আইন বিষয়ে সচেতনতা সভা করা হয়।<br>খ. জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন (২৮ আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি:) পর্যন্ত। এ বছরের মৎস্য সপ্তাহ স্লোগান হচ্ছে " **বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি** "।<br>• আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান এমপি, মাননীয় তথ্য প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয় ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর উপস্থিতিতে উপজেলা পরিষদ পুকুর, | ক. জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মৎস্য অধিদপ্তরের যে সকল সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে তা যেন সঠিকভাবে মৎস্য খামারীদের দেওয়া হয় তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার। |

| | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সরিষাবাড়ী, জামালপুর এ মাছের পোনা অবমুক্ত করা হয়।<br>• মৎস্যচাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ ৩৫ জন কে সেবা প্রদান , ২৫ টি পুকুরের পানি পরীক্ষা করা হয়।<br>• মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত ০১ টি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।<br><br>০৩। রাজস্ব বাজেটে আওতায় হাসড়া বিল, ভাটারায় বিল নার্সারীর পোনা বিলে অবমুক্ত করা হয়।<br>০৪। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ২২ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান।<br>০৫। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ADP এর ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে । প্রকল্প বাছাই এর কাজ চলমান । উপজেলা চেয়ারম্যানের বাস ভবন নির্মাণ কাজ চলমান । আরামনগর জিসি কয়ড়া জিসি ভায়া সাতপোয়া ইউপি সড়কের (মোটের পাড়) ব্রীজ এপ্রোচ এর কাজের টেন্ডার হয়েছে । JSP প্রকল্পের চারটি রাস্তার কাজ চলমান । PEDP-4 প্রকল্পের আওতায় ৮ টি প্রাঃ বিদ্যা ঃ এর নির্মাণ এবং বাউন্ডারী ওয়ালের কাজ চলিতেছে । Under 100m ব্রীজ প্রকল্পের ৩টি ব্রীজের নির্মাণ কাজ চলমান। অপর ১ টি ব্রীজের কাজ Work order/ দেওয়া হয়েছে । Preodic Maintenance(GoB Minent) এর ৫টি রাস্তার Tender হয়েছে । IRIDP-3 প্রকল্পের আওতায় ৮টি রাস্তার Tender হয়েছে । দেশব্যপি Rural Market প্রকল্পের আওতায় ১টি বাজারের নির্মাণ কাজ চলমান আছে । তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী,উপজেলা প্রকৌশলীকে সভায় বলেন, সকল প্রকল্প সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রকৌশলী, এলজিইডি। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | ক. গত ০৫/০৯/২০২১খ্রিঃ তারিখের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের সভাপতিত্বে শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় আগামী ১২/০৯/২০২১খ্রিঃ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে সরিষাবাড়ী উপজেলার ১৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলার জন্য প্রস্তুতি গ্রহণ কার্যক্রম চলমান আছে । ইতিমধ্যে উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারের সমন্বয়ে ৯২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন সম্পন্ন হয়েছে। ২৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্যা কবলিত হয়। ইতিমধ্যে ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যতীত অন্যান্য বিদ্যালয় গৃহ হতে পানি নেমে গিয়েছে। বন্যা পরিস্থিতির উন্নতির ধারা অব্যাহত থাকলে উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়েই শ্রেণি পাঠদান করা সম্ভব হবে। কর্মরত ৭৪১ জন শিক্ষকের মধ্যে ৬৭০জন শিক্ষকের টিকা নেয়া সম্পন্ন হয়েছে। বাকি ৭১জন শিক্ষকের মধ্যে ৫জন শিক্ষক গুরুতর অসুস্থ এবং ১৫ জন গর্ভবতী। বাকি ৫১জন শিক্ষক ইতোমধ্যে টিকার জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সরিষাবাড়ী,জামালপুর মহোদয়কে শিক্ষকদেরকে আগামী ১২/০৯/২০২১খ্রিঃ তারিখের পূর্বেই টিকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।<br>খ. কামরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সামান্য বৃষ্টি হলেই পানিতে মাঠ ও বিদ্যালয় গৃহ সহজেই প্লাবিত হয়। বিদ্যালয়ের পূর্বপার্শ্বের ব্রীজের নীচ দিয়ে পানি নেমে যেতো,তাতে বিদ্যালয়ের মাঠে পানি জমে থাকতো না। বর্তমানে ব্রীজের সাথেই পশ্চিম পার্শ্বে স্থায়ী পাকাবাড়ী নির্মাণ করে ব্রীজটি বন্ধ করে দেয়া হয়েছে এমতাবস্থায়,বিদ্যালয়ের ছাত্র/ ছাত্রীদের যাতায়াত/চলাচলের পথ সুগম করার জন্য ও বিদ্যালয় গৃহটি জমে থাকা পানির হাতে থেকে রক্ষার জন্য মহাসড়কের বন্ধকৃত ব্রীজ(পুল)টি চালু করে বিদ্যালয়ের মাঠ হতে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র,সরিষাবাড়ী পৌরসভা মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে। শিশুদের জন্ম নিবন্ধন কার্যক্রম সহজ করার জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভা মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো।<br>গ. বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ,জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে শিক্ষকগণকে নির্দেশ দেওয়া হয়েছে। দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | ক. আন্তঃমন্ত্রণালয় সভায় আগামী ১২/০৯/২০২১খ্রিঃ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় । সে প্রেক্ষিতে সরিষাবাড়ী উপজেলার ১৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে ।<br>খ. মেয়র, সরিষাবাড়ী পৌরসভা, সরিষাবাড়ী, জামালপুর, কামরাবাদ সরকারী প্রাঃ বিদ্যালয়টির পানি নিসষ্কাসনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br><br>গ. বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিদ্যালয়ের সম্পদ রক্ষণাবেক্ষণ, জমির তথ্য হালনাগাদ করণ এবং সীমানা চিহ্নিতকরণ, উন্নয়ন কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করার জন্য শিক্ষক গণকে নির্দেশ দেওয়া হয়েছে । | উপজেলা শিক্ষা অফিসার। |

| ক্র | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, করোনা মহামারীর কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। মাননীয় শিক্ষামন্ত্রী আগামী ১২ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ তারিখ হতে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ খোলার ঘোষনা দিয়েছে । এমতা বস্থায় সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক ১৯ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে । অদ্যবধি শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম সংসদ টিভি অনলাইন ক্লাস চালু আছে । প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস এবং সংসদ টিভিতে ক্লাস হচ্ছে। মুজিব বর্ষ উপলক্ষে বৃক্ষ রোপন কর্মসূচী গ্রহণ করা হয়েছে । প্রোফাইল তৈরী এবং ইউনিক আইডি (UID) প্রদানের লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি (ICT) শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । অত্র দপ্তরের সকল কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান সমূহ মনিটরিং করছেন । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে । | ক. স্বাস্থ্যবিধি মেনে যেন বিদ্যালয় সমূহে কার্যক্রম পরিচলনা করা হয়, তা নিশ্চিত করতে হবে ।<br><br>খ. অনলাইন ক্লাস যেন সকল ছাত্র-ছাত্রীরা ঠিকমত করে সে ব্যপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদারকি করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলায় উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, হিজড়া বিশেষ বয়স্কভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্কভাতা ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত মোবাইল ব্যাংকিং সেবা নগদের মাধ্যমে প্রদান করা হয়েছে। আগামী ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রি. এরমধ্যে ২০২১-২২ অর্থ বছরের প্রথম কিস্তির জুলাই-২০২১ হতে সেপ্টেম্বর-২০২১ পর্যন্ত পে-রোল প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>প্রতিবন্ধী ব্যক্তির শনাক্ত করণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিডদগ্ধ প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদনের হার্ড কপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। বাংলাদেশ প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন প্রকল্পের আওতায় অন্যান্য উপজেলার ন্যায় সরিষাবাড়ী উপজেলায় প্রান্তিক জনগোষ্ঠী শনাক্ত করণ জরিপ পরিচালিত হচ্ছে। প্রান্তিক জনগোষ্ঠী শনাক্ত করণ জরিপ কার্যক্রমের আওতায় ০১। কামার ০২। কুমার ০৩। নাপিত ০৪। বাশঁ ও বেত পণ্য প্রস্তুত কারী ০৫। কাঁসা/পিতল পণ্য প্রস্তুত কারী ০৬। জুতা মেরামত/প্রস্তুত কারী ০৭। লোকজযন্ত্র (একতারা,দোতারা/বাঁশি/মন্দিরা)/ লোকজ কণ্ঠশিল্পী (বাউল/গম্ভীরা/কীর্তন/ঢপ/ভাষান/জারি) ০৮। নকশী কাঁথা শিল্পী/শতরঞ্জী পেশায় পৈতৃিক/মাতৃ সূত্রে জড়িত ১৭ (সতের) বছরের উর্ধ্বে সকল নারী-পুরুষকে উক্ত জরিপের আওতায় আনার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী গণ সরেজমিন তথ্য সংগ্রহ করবেন । | ক. সকল প্রকার ভাতা বিতরণের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, এবং অস্বচ্ছল প্রতিবন্ধী, ভাতাভোগী নির্বাচন যথাযথ নিয়মে করতে হবে। | ক.উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১৬, মোট সম্পাদন ১৬, সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-০৩ টি, মোট সম্পাদন ০৭ টি, সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান ২৫ জন, মোট সম্পাদন ২৫ জন , সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ০০টি, মোট সম্পাদন ০০ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ৩টি, মোট সম্পাদন ৭ টি, সমবায় সমিতি তদারকী করন চলতি মাসে-১০ টি, মোট সম্পাদন ১৫ টি, দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ২,০০,০০০/- মোট সম্পাদন ৩,৮৫,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ২০০/-, মোট সম্পাদন ৭০০/-, সমবায়ীদের অবহিত করন সভা অনুষ্ঠান চলতি মাসে-০ টি । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার। | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, চলতি অর্থ বছরে আত্নকর্মসংস্থান কর্মসূচী রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় লক্ষ্যমাত্রা ০২ টি কেন্দ্র । চলতি অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা = ৩২,৬০,০০০/-(বত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা । চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে = ২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং ন্যাশনাল সার্ভিস কর্মীদের কর্মভাতা প্রদানের জন্য ব্যবস্থা নিতে হবে। | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১ | উপজেলা পরিবার | ক. উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন আগষ্ট/২০২১ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট সক্ষম | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ | ক. উপজেলা |

| ক্র | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | পরিকল্পনা অফিস | দম্পতি -৬৭৪৩৩ জন, গ্রহণকারী ঃ খাবার বড়ি = ২৩৯৮৬, কনডম-৪৮৫৬, ইনজেকশন১২১৮১, আইইউডি -২৩২১, ইমপ্লান্ট-৩৩৪০, স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৩০৭০,স্থায়ী পদ্ধতি (মহিলা)-৪৩২৮, মোট গ্রহণ কারী ৫৪০৮২, গ্রহণকারী হার-৮০.২০% বিতরণঃ সূখী-১৫৭৭২, আপন-৫০, কনডম-২৪৪৯৫, ভয়াল -১৪৮৪, আইইউডি-৪০, ইমপ্লান্ট-৪৭, মিসোপ্রোস্টাল-১০৮ ৭.১% ক্লোরোহেক্সাডিন -০৭ স্থায়ী পদ্ধতি (পুরুষ) ০৬, স্থায়ী পদ্ধতি (মহিলা) -১০ জন।<br>খ. সরিষাবাড়ী উপজেলা পরিবার পরিকল্পনা কার্যলয়টি পুরাতন কোর্ট বিল্ডিং- এ অবস্থিত। উক্ত অফিসে কোন প্রকার টয়লেট সুবিধা না থাকায় পার্শ্ববর্তী অফিসে যেতে হয় । সরিষাবাড়ী উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের জন্য উপজেলা পরিষদের ০৪ টি রুম অথবা নতুন ভবনের জন্য কোন স্থান নির্ধারণ করে দেয়ার জন্য অনুরোধ করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | করতে হবে এবং সফলতাকার্যক্রম ধরে রাখতে হবে। | পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | ২০২১ ইং মাসের অত্র উপজেলার ০৮ টি ইউনিয়নের ভিজিডি'র মাল উত্তোলন ও বিতরণ করা হয়েছে। এছাড়াও সেপ্টেম্বর/২০২১ মাসের ভিজিডি বরাদ্দ পাওয়া গিয়েছে সেপ্টেম্বর/২০২১ মাসের ভিজিডি বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে।<br>সরিষাবাড়ী পৌরসভার আওতাধীন কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল ২০২১-২০২২ ইং অর্থ বৎসরের নতুন ৪৯ জন সুবিধাভোগীর বরাদ্দ পাওয়া গিয়েছে। যথাশীঘ্রই উপজেলা কমিটির মাধ্যমে নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হবে। ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রম ১২তম ব্যাচের প্রশিক্ষণার্থীর আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। যাহা নির্বাচন পূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাবগুলো ১৩ই আগষ্ট ২০২১ ইং হতে নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. মাতৃত্বভাতা সুবিধাভোগীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে এবং কাজ যথা নিয়মে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ. প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, সমিতি গঠন বার্ষিক লক্ষ্যমাত্রা ১৬ অগ্রগতি বার্ষিক ১৩ অগ্রগতির হার ৮১% ক্রমপুঞ্জিত ৪০৪ সদস্য ভর্তি বার্ষিক লক্ষ্য মাত্রা ৪৯৭ অগ্রগতি বার্ষিক ১৯০ অগ্রগতির হার ৩৮% ক্রমপুঞ্জিত ১০,৮৩১ । শেয়ার জমা ঃ শেয়ার জমা বার্ষিক লক্ষ্যমাত্রা ০.৮৪ শেয়ার জমা মাসিক ০.৮৪ অগ্রগতি ২৬% ক্রমপুঞ্জিত ১৪.৪০, সঞ্চয় জমা বার্ষিক ৩.৯৯ সঞ্চয় জমা মাসিক ৬.১২ অগ্রগতি বার্ষিক ৬.১২ অগ্রগতির হার ১০০% ক্রমপুঞ্জিত ৫৩.২৪ । তহবিল প্রাপ্তি ঃ তহবিলপ্রাপ্তি ২২২.৯৮ বার্ষিক লক্ষ্যমাত্রা ১৭১.৬০ বিতরণ মাসিক ১৩.৫৩ বিতরণ বার্ষিক ১৩.৫৩ বিতরণ হার ২৫% ক্রমপুঞ্জিত ৮৮৩.৫৫ বার্ষিক আদায়যোগ্য ৯০.৯৫ আদায় মাসিক ৮.৫২ আদায় বার্ষিক ৮.৫২ আদায় হার ৬৩% ক্রমপুঞ্জিত ৭৩০.৮৪ মাঠে মোট বকেয়া ১৫২.৭১ । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৯২৮ জন,চলতি মাসে সদস্য ভর্তি- ৩০ জন, ঋন বিতরণ ৫২,৪৩০০০/- সঞ্চয় আদায় = ১২,৫৩০০০/- সঞ্চয় ফেরৎ ৯,২৫,৯০০/- চলতি মাসে খেলাপী বৃদ্ধি ১,৫০,০০০/- চলতি মাসে খেলাপী আদায় ৭৫, ০০০/- মোট খেলাপীর পরিমান ১০৯১০৫৬৬/-, সদ্যমাঠে পাওনার ঋনের পরিমান ৪৫১৭১৯২৬/-।<br><br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ১৪০ জন চলতি মাসে ১৬ জন সদস্যকে ঋণবিতরণ করা হয়েছে ১৫,৬০,০০০/- টাকা । মাঠে পাওনা ৯২,২৭০০০/- টাকা ঋন আদায়ের হার = ৯৯% ।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৫৫ জন চলতি মাসে ২০ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ ২০,০০০০০/-টাকা করা হয় । খেলাপী আদায় হয়েছে ৩০০০০০/- খেলাপী বৃদ্ধি পেয়েছে = ৭৫০০০টাকা, সর্ব মোট খেলাপী ৩০,০০০০০/- টাকা, ঋন আদায়ের হার ৯৯% , সদ্য মাঠে পাওনা = ১৭৫,৫০০০/- টাকা তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে সাম্প্রতিক বন্যা চলমান রয়েছে । সরিষাবাড়ী উপজেলার ০৮ টি ইউনিয়ন ও ১টি পৌরসভা বন্যা কবলিত হয় । পানি কমতে শুরু করছে । বন্যায় ১৫ মেঃ টন জিআর চাল ও ১,০০,০০০/- টাকা জিআর ক্যাশ বরাদ্ধ পাওয়া গিয়াছে । ত্রান কার্যক্রম চলমান রয়েছে ।<br>খ. ২০২১-২০২২অর্থ বছরে বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মান করার জন্য ১২ টি আবাসনের বরাদ্ধ পাওয়া গিয়াছে ।প্রতিটির | ক. অত্র উপজেলার করোনা ভাইরাস মহামারি ও সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত সকলেই যেন সরকারী সুবিধা পায় সেই দিকে নজর দিতে হবে এবং ক্ষতিগ্রস্থ রাস্তা যেগুলো যাতায়াতের অনুপযোগী তা জরুরীভাবে মেরামত করতে হবে। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ঘরের নির্মান ব্যয় বাবদ -১৩,৪৩,৬১৮/- টাকা প্রক্কলন পাওয়া গিয়াছে । বীর নিবাস টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে । ঘরগুলোর নির্মানের জন্য জায়গা পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।<br>গ. ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ ভিত্তিক সাধারন বরাদ্ধের (কাবিটা) বরাদ্দের পাওয়া গিয়াছে । এর মধ্যে ৪৩,২২১৬৮/- টাকা নগদ অর্থ ৯১.৪৫৫৮ মেট্টন চাল, ৯১.৪৫৫৮ মেঃ টন গম বরাদ্ধ পাওয়া গিয়াছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অনূকুলে কাবিটা/কাবিখা বরাদ্ধ পাওয়া গিয়াছে । এর মধ্যে ৭১,৮৭,৫২২/৯৬১ টাকা, ১৫৯,৯৪৪ মেঃ টন চল, ১৫৯,৯৪৪ মেঃ টন গম বরদ্দ পাওয়া গিয়াছে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | খ. বীর নিবাস টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা । | |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ২০৮ (দুইশত আট) টি অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। | ক. সমগ্র দেশে নিরাপদ পানি সবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরের বরাদ্দ বিভাজন অনুযায়ী বন্টন করতে হবে । | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | ফরেষ্টার সরিষাবাড়ী সভায় জানান যে, তাহার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | | পরিবেশ ও বন কর্মকর্তা |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট=২০২ টি সমিতিতে ১১৩০১ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের মোট সঞ্চয় আদায়=৪,৪৭,৭০,৩৪৯/- টাকা।মোট ঋণ বিতরণ ২৩০২৩০০০০/- টাকা ঋণ আদায়১৪৮৮৩৪৯৩৪/- টাকা ঋণ আদায়ের হার ৬৪% অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শাখা ব্যবস্থাপক সভায় জানান, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ভবন নির্মাণের কাজ প্রায় শেষের দিকে। আগামী ২ মাসের মধ্যে নিজস্ব ভবনে কার্যক্রম শুরু করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন । তাছাড়া অফিসের অন্যান্য কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। | ক. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং আমার বাড়ী আমার খামার এর নিজস্ব অফিস ভবন নির্মাণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক. সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প) | ক. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন, তথ্যকেন্দ্রের সকল কার্যক্রম যেমন- ইন্টারনেটের মাধ্যমে সেবা প্রদান চাকরীর খবর বিভিন্ন পরীক্ষার ফলাফল সরকারী বিভিন্ন সেবাসমূহ সহজলভ্যতা ইন্টারনেটে ব্রাউজিং ইমেইল স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিক প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্লাডপ্রেসার পরিমাপ ওজন পরিমাপ ডায়বেটিকস পরীক্ষা তাপমাত্রা পরিমাপ ইত্যাদি কার্যক্রম অব্যহত রয়েছে। বাংলাদেশের প্রায় অর্ধেক নারী। অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশ-গ্রহণ ও ক্ষমতায়ন দেশের সার্বিক অগ্রগতির অন্যতম শর্ত। নারীর ক্ষমতায়নে তথ্য প্রযুক্তির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। বাংলাদেশের গ্রামের অসহায় দরিদ্র সুবিধাবঞ্চিত কিংবা কম সুবিধাপ্রাপ্ত নারীর তথ্যে প্রবেশাধিকার এবং তাদেরকে তথ্য প্রযুক্তির সেবা প্রদান নি:সন্দেহে নারীর ক্ষমতায়কে ত্বরান্বিত করবে। এ লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক "তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ণকে" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়। তাছাড়া অফিসের অন্যান্য কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে | ক. করোনা কালীন সময়ে ডোর টু ডোর সেবা প্রদান, উঠান বৈঠকের মাধ্যমে কার্যক্রম বন্ধ রয়েছে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী এসব কার্যক্রম পুরনায় চালু করা হবে। | ক. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ২০ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ক. উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর ( ইউডিএফ) জনাব মোঃ আশরাফুল আলম সভায় প্রথম বারের মত সরিষাবাড়ী উপজেলা পরিষদ উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অন্তভূক্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জনান । একই সাথে এই প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোজিতা কামনা করেন । তিনি বলেন ইউজিডিপি'র (৫ম পর্যায়) ২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য মোট ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা (ভ্যাট আয়কর) ব্যতিত ব্যয় করা যাবে । এক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা সক্ষমতা উন্নয়ন প্রকল্প এবং অবশিষ্ট ৪০ (চল্লিশ) লক্ষ টাকা অবকাঠামো প্রকল্প বাবদ ব্যয় করা যবে । প্রকল্প গুলো দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদকে উভয় প্রকল্প প্রস্তবনার জন্য অনুরোধ করা হয় । | ক. উপজেলা পরিচলনা ও উন্নয়ন প্রকল্প ( ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়নের জন্য সক্ষমতা উন্নয়ন প্রকল্প গুলোর প্রকল্প ও প্রস্তাবনা সহ সকল কার্যাবলী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় । | ক. ইউডিএফ, উপজেলা পরিষদ । |
| ২১ | বিবিধ আলোচনা | ক. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের সীমানার ভিতরে, উপজেলা পরিষদ হল রুমের সামনের রাস্তার পাশে একটি জাম গাছ গত ২০/০৮/২১ ইং তারিখে উপজেলা হতে সরিষাবাড়ী কলেজে যাওয়ার রোড এর উপর উপড়ে পড়ে যায় , আরও একটি গাছ উপজেলা কৃষি নার্সারী ভিতরে একটি রেইনট্রি কড়ই গাছ উপজেলা খাদ্য গোডাউন এর বাউন্ডারি দেয়াল উপর পড়ে আছে । উক্ত গাছ দুটি অপসারনের প্রয়োজন ।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, উপজেলা নির্বাহী | ক. উক্ত গাছ দুটি অপসারনের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>খ. উপজেলার অভ্যন্তরে আনসারদের শেড নির্মানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী<br><br>খ.উপজেলা |

| ক্র | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অফিসারদের নিরাপত্তা জনিত কারণে আনসার নিয়োগ দেওয়া হয়েছে । উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের কাছাকাছি উপজেলার অভ্যন্তরে স্থান নির্ধারন করে আনসারদের আবাসনের জন্য শেড নির্মানের জন্য প্রস্তাব পাওয়া গিয়াছে । উক্ত প্রস্তাব উপজেলা রাজস্ব তাহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য বলা হয় ।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, তার বাস ভবনের রং ও চুনকাম এবং নীচতলার একটি দরজা পরিবর্তনের জন্য সর্বমোট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা প্রয়োজন। | গ. উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন মেরামতের প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়। উক্তব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। | চয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার,এবং উপজেলা প্রকৌশলী<br>গ. উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার,এবং উপজেলা প্রকৌশলী |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২১-১২৭৮ তারিখ ঃ ১২-০৮-২০২১খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান এমপি, জামালপুর-৪ ও মাননীয় প্রতিমন্ত্রী, তথ্যও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও স্থানীয় সরকার বিভাগ, সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ..........................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ..............................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,....................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................................................

(শিহাব উদ্দিন আহমদ)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
Email-unosarishabari@mopa.gov.bd

সরিষাবাড়ী উপজেলা পরিষদের আগষ্ট /২০২১ খ্রিঃ মাসের মাসিক সভার উপস্থিতির হাজিরা শীট ঃ-

তারিখ ঃ- ১২/ ০৮/২০২১খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো ঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০২। | জনাব শিহার উদ্দিন আহমদ, উপজেল নির্বাহী অফিসর, সরিষাবাড়ী | | |
| ০৩। | জনাব মো ঃ মনির উদ্দিন মেয়র সরিষাবাড়ী পৌরসভা , | [illegible] | |
| ০৪। | জনাব আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | [illegible] | |
| ০৫। | জনাব জেলী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | [illegible] | |
| ০৬। | চেয়ারম্যান, বিআরডিবি, সরিষাবাড়ী | | |
| ০৭। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী | [illegible] | |
| ০৮। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসর সরিষাবাড়ী | [illegible] | 01711-829486 |
| ০৯। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী | [illegible] | 01712-269030 |
| ১০। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী | [illegible] | 01798703848 |
| ১১। | উপজেলা প্রকৌশলী, সরিষাবাড়ী | [illegible] | 017232544[illegible] |
| ১২। | উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী | [illegible] | 01716459189 |
| ১৩। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী | [illegible] | 01712145511 |
| ১৪। | উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী | [illegible] | 01679540108 |
| ১৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী | [illegible] | 01914158735 |
| ১৬। | উপজেলা সমবায় কর্মকর্তা, সরিষাবাড়ী | [illegible] | 01714788610 |
| ১৭। | উপজেলা যুব উন্নয়ন, কর্মকর্তা, সরিষাবাড়ী | | |
| ১৮। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী | [illegible] | 01739-469534 |

| | | | |
|---|---|---|---|
| ১৯। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী | ০১৭১২৬৩৬১৫৭ | |
| ২০। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী | | |
| ২১। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সরিষাবাড়ী | | |
| ২২। | উপজেলা সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী | 01740-189844 | |
| ২৩। | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা সরিষাবাড়ী, । | | |
| ২৪। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সরিষাবাড়ী | 01938879315 | |
| ২৫। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সরিষাবাড়ী | 01313704434 | ০৯.০৮.২১ |
| ২৬। | চেয়ারম্যান, ০১ নং সাতপোয়, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ২৭। | চেয়ারম্যান, ০২ নং পোগলদিঘা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ২৮। | চেয়ারম্যান, ০৩ নং ডোয়াইল, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ২৯। | চেয়ারম্যান, ০৪ নং আওনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ৩০। | চেয়ারম্যান, ০৫ নং পিংনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ৩১। | চেয়ারম্যান, ০৬ নং ভাটার, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ৩২। | চেয়ারম্যান, ০৭ নং কামরাবাদ, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | | |
| ৩৩। | চেয়ারম্যান, ০৮ নং মহাদান, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী | 01716-680232 | |